# নূহ | Nuh | نُوح

আয়াতঃ ৭১ : ২০

## আরবি মূল আয়াত:

لِّتَسۡلُكُوا مِنۡهَا سُبُلًا فِجَاجًا ﴿٢٠﴾

## অনুবাদসমূহ:

যেন তোমরা সেখানে প্রশস্ত পথে চলতে পার’। — আল-বায়ান

যাতে তোমরা তার প্রশস্ত পথ-ঘাট দিয়ে চলাচল করতে পার।’ — তাইসিরুল

যাতে তোমরা চলাফিরা করতে পার প্রশস্ত পথে। — মুজিবুর রহমান

That you may follow therein roads of passage.' " — Sahih International

২০. যাতে তোমরা সেখানে চলাফেরা করতে পার প্রশস্ত পথে।

-

তাফসীরে জাকারিয়া

(২০) যাতে তোমরা চলাফেরা করতে পার প্রশস্ত পথে।’ [1]

[1] سُبُلٌ হল سَبِيْلٌ এর বহুবচন (পথ)। আর فِجَاجٌ হল فَجٌّ এর বহুবচন (প্রশস্ত)। অর্থাৎ, এই যমীনে মহান আল্লাহ বড় বড় প্রশস্ত রাস্তা বানিয়ে দিয়েছেন। যাতে মানুষ এক জায়গা থেকে অন্য জায়গায়, এক শহর থেকে অন্য শহরে এবং এক দেশ থেকে অন্য দেশে অনায়াসে যাতায়াত করতে পারে। তাছাড়া এই রাস্তা মানুষের ব্যবসা-বাণিজ্য এবং সভ্যতা-সংস্কৃতির সামাজিক জীবনে অতি প্রয়োজনীয় জিনিস। যার সুব্যবস্থা করে আল্লাহ মানুষের উপর বিরাট অনুগ্রহ করেছেন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5439

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন